

## স্বাধীনতা দিবস উদ্‌যাপন

কাঁথি সোসাল ওয়েলফেয়ার সোসাইটির পক্ষ থেকে ১৫ই আগস্ট, ২০২১ তারিখে ৭৫তম স্বাধীনতা দিবস উদ্‌যাপন করা হয় বীরেন্দ্রনাথ শাসমল তরুণতীর্থ ভাই বোনদের নিয়ে। আমাদের সোসাইটির সদস্য তাপস কুমার বেরা, সত্যরঞ্জন বর্মণ, শিবশঙ্কর কামিলা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



## বেথুন কলেজে ব্রতচারী বিষয়ক আলোচনা সভা

গত ১২ জুন বাংলা ব্রতচারী সমিতি এবং বেথুন কলেজের যৌথ উদ্যোগে জুম প্ল্যাটফর্ম এর মাধ্যমে অনুষ্ঠিত হল ব্রতচারী বিষয়ক এক বিশেষ আলোচনা। এদিন আলোচনার সূত্রপাত করেন বাংলা ব্রতচারী সমিতির সহ-সভাপতি এবং নেতাজী মুক্ত বিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শুবঙ্কর সরকার, বেথুন কলেজের অধ্যক্ষা কৃষ্ণা রায়, ব্রতচারী সমিতির প্রশিক্ষণ বিভাগের সভাপতি এবং পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগের বিশেষ সচিব শিলাদিত্য বসু রায়। আলোচনায় ব্রতচারী বিষয়ে বক্তব্য রাখেন সংগঠন সচিব বাণীব্রত মুখোপাধ্যায়, অধ্যাপিকা অনুশ্রীতা মন্ডল। গুরুসদয় দত্তের জীবন ও সাধনা বিষয়ে আলোচনা করেন ড. দীপক কুমার বড় পন্ডা। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অধ্যাপক মৈত্রী ঘোষ। কলেজের শিক্ষক শিক্ষিকার অংশগ্রহণ ছিল স্বতঃস্ফূর্ত। এদিনের আলোচনাটি ছিল মূলত কলেজের ছাত্রীদের জন্য। অনুষ্ঠান শেষে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন বাংলা ব্রতচারী সমিতির সম্পাদক কমলেশ চট্টোপাধ্যায়।

## বই প্রকাশ

বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে গত ২৮ আগস্ট ২০২১, রাজারহাট জ্যাঙরা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সভাকক্ষে, বাংলার ব্রতচারী সমিতির প্রাক্তন সাংসদ, আজীবন সদস্য এবং সত্যেন মৈত্র জনশিক্ষা কমিটির সভাপতি প্রয়াত শক্তি মন্ডল মহাশয়ের সম্পাদিত “জাতীয় শিক্ষানীতি” বইয়ের প্রচ্ছদ ও প্রকাশ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্রকাশিত বইটি বর্তমান শিক্ষা ব্যবস্থার নানান রূপরেখাকে একত্রিত করে তুলে ধরা হয়েছে এক নতুন ভাবধারায়। বইটি প্রকাশ করেন প্রয়াত শক্তি মন্ডলের স্ত্রী শ্রীমতী মায়ী মন্ডল। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন বাংলার ব্রতচারী সমিতির প্রাক্তন সহঃ অধিনেতা রণজিৎ মন্ডল।

